# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট বিভাগ-১

ফোন : ০২২২৩৩৮৬৯১১
পিএবিএক্স : ০২২২৩৩৮০০২১-২৫/২২৩৩
ই-মেইল : dgmpd2@krishibank.org.bd;
www.krishibank.org.bd


প্রশাসন পরিপত্র নং- ১০/২০২৩

তারিখ: ০৮ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ / ২৩ জুলাই ২০২৩ খ্রিষ্টাব্দ

বিষয়: ভিজিলেন্স স্কোয়াড বিভাগের অধীন সাইবার সিকিউরিটি ইউনিট (Cyber Security Unit) গঠন প্রসঙ্গে।

উন্নত ও আধুনিক গ্রাহক সেবা প্রদানের লক্ষ্যে বাংলাদেশ কৃষি ব্যাংকের সকল শাখায় (বর্তমানে ১০৩৮টি) যাবতীয় আর্থিক লেনদেন, হিসাব-নিকাশ, কেনাকাটা/সেবার মূল্য পরিশোধ, অর্থ স্থানান্তরসহ অন্যান্য কাজ এখন ডিজিটাল প্রযুক্তির (Online) মাধ্যমে সম্পন্ন হচ্ছে। এ প্রেক্ষিতে পরিচালনা পর্ষদের ১৭-০৭-২০২৩ খ্রিষ্টাব্দ তারিখে অনুষ্ঠিত ৮৩৭তম সভার অনুমোদনের প্রেক্ষিতে ব্যাংকের সার্ভার (Database Server) সহ আইসিটি বিষয়ক সকল জাল-জালিয়াতি ও দুর্নীতি রোধকল্পে ভিজিলেন্স স্কোয়াড বিভাগের অধীন "সাইবার সিকিউরিটি ইউনিট (Cyber Security Unit)" গঠন করা হল।

০২। জনবল কাঠামো: সাইবার সিকিউরিটি ইউনিট এর জনবল কাঠামো নিম্নরূপ:

| ক্রমিক | পদবি | সংখ্যা |
|---|---|---|
| ০১ | সহকারী মহাব্যবস্থাপক/সমমান | ০১ জন |
| ০২ | উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা/সমমান | ০১ জন |
| ০৩ | মুখ্য কর্মকর্তা/উর্ধ্বতন কর্মকর্তা/সমমান | ০১ জন |
| মোট | | ০৩ জন |

০৩। সাইবার সিকিউরিটি ইউনিট (Cyber Security Unit) এর কার্যাবলি (ToR):

ক) বাংলাদেশ কৃষি ব্যাংকে "সাইবার সিকিউরিটি ইউনিট (Cyber Security Unit)" ভিজিলেন্স স্কোয়াড বিভাগ এর নিয়ন্ত্রণাধীন থেকে ব্যবস্থাপনা পরিচালক এর সরাসরি তত্ত্বাবধান/নির্দেশে ব্যাংকের Cyber Security বিষয়ে কার্যক্রম পরিচালনা করা।

খ) সাইবার সিকিউরিটি সংক্রান্ত সকল জাল-জালিয়াতি ও দুর্নীতি রোধকল্পে প্রাপ্ত গুরুতর অভিযোগসমূহ সরেজমিনে তদন্ত করা ও তদন্ত প্রতিবেদন ব্যবস্থাপনা পরিচালক সমীপে উপস্থাপনপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।

গ) সাইবার সিকিউরিটি ইউনিট সময় সময়ে আইসিটি অপারেশন বিভাগ, আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ এবং আইসিটি স্থাপনাসমূহ পরিদর্শনপূর্বক পরিদর্শন প্রতিবেদন ব্যবস্থাপনা পরিচালক সমীপে উপস্থাপন করা।

ঘ) সাইবার নিরাপত্তা নিশ্চিতকল্পে ডিজিটাল নিরাপত্তা গাইডলাইন-২০২১, ডিজিটাল নিরাপত্তা আইন-২০১৮ এবং সাইবার সিকিউরিটি সংক্রান্ত অন্যান্য বিধিমালা/গাইডলাইনসমূহ আইসিটি অপারেশন বিভাগ, আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ সঠিকভাবে পরিপালন করছে কিনা তা পরিদর্শনপূর্বক পরিদর্শন প্রতিবেদন ব্যবস্থাপনা পরিচালক সমীপে উপস্থাপন করা।

ঙ) সাইবার সিকিউরিটি বিষয়ে ব্যবস্থাপনা পরিচালক এর যে কোন নির্দেশনা তাৎক্ষণিক পরিপালন এবং বাস্তবায়ন নিশ্চিত করা।

০৪। এমতাবস্থায়, সাইবার সিকিউরিটি ইউনিট (Cyber Security Unit) এর কার্যাবলি যথাযথভাবে পরিপালন ও অনুসরণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হল।

০৫। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

২৩/০৭/২৩

(মোঃ খোরশেদ আনোয়ার)
উপমহাব্যবস্থাপক

---

প্রকা/এইচআরএমডি-১/এমপিডি-৬৯ (অংশ-১)/২০২৩-২০২৪/৬(১২৫০)

তারিখ: ০৮ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ / ২৩ জুলাই ২০২৩ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল:

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, সকল উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি/অধ্যক্ষ, বিকেবি স্টাফ কলেজ, ঢাকা।
০৪। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। (প্রশাসন পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আইসিটি সিস্টেম্স্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে অনুরোধ করা হল)।
০৫। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি।
০৬। সকল মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখা, বিকেবি (স্থানীয় মুখ্য কার্যালয়সহ)।
০৭। সকল আঞ্চলিক ব্যবস্থাপক/আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি।
০৮। সকল শাখা ব্যবস্থাপক, বিকেবি।
০৯। নথি/মহানথি।

২৩.০৭.২০২৩

(শিবলী সাদিক)
সহকারী মহাব্যবস্থাপক